

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)  
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৫১.১৮.১৪৪

তারিখ: ৫ বৈশাখ ১৪২৫  
১৮ এপ্রিল ২০১৮

বিষয়: বরিশাল জেলার সদর উপজেলাধীন বাঘিয়া আল আমিন কামিল মাদরাসার নিয়োগ বোর্ডে  
মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) বাঘিয়া আল আমিন কামিল মাদরাসার স্মারক নং-বাতাকামা/নি:প্রতি:/২৩৭ তারিখ:১১.০১.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ:০৯.০৯.২০১৫ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নবর্ণিত মাদরাসায় “মুহাদ্দিস” পদে নিয়োগের লক্ষে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে ড.মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম
০১.	বাঘিয়া আল আমিন কামিল মাদরাসা, সদর, বরিশাল। মোবা: নং-০১৭১২-১০৫১০৮	০১. মুহাদ্দিস-০১ টি	ড.মোহাম্মদ ছরওয়ার আলম পরিচালক (প্রশাসন ও অর্থ) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। ০১৭১১-২৪২০০২

শর্তাবলীঃ

- (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
  - (২) কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সাকুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
  - (৩) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুষ্টেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকার অননুমোদিত/ অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
  - (৪) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামোসংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কামা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
  - (৫) মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুষ্টেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূঙ্খানুপূঙ্খরূপে অনুসরণ করতে হবে।
  - (৬) প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
  - (৭) শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীট অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে মনোনীত কর্মকর্তার নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর থাকতে হবে।
  - (৮) ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
  - (৯) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরোক্ত নির্দেশনাবলী পূঙ্খানুপূঙ্খরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
  - (১০) “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।
  - (১১) এ নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত পূর্বের প্রার্থী বহাল থাকবে।
০৩. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ডিজির মনোনীত প্রতিনিধি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

১৮-৪-২০১৮

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

ফোন: ৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

বিতরণ :

১) ড.মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও  
অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২) অধ্যক্ষ, বাঘিয়া আল আমিন কামিল মাদরাসা, ডাক: কাশীপুর,  
উপজেলা: সদর, জেলা: বরিশাল।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৫১.১৮.১৪৪/১(২)

তারিখ: ৫ বৈশাখ ১৪২৫  
১৮ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) জেলা শিক্ষা অফিসার, বরিশাল।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বরিশাল।



১৮-৪-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক